চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ
চউক ভবন, চট্টগ্রাম।

স্মারকনং:টিপি-২/মাষ্টারপ্ল্যান/জনবল নিয়োগ/১৪৬

তারিখঃ ০৮ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ।
২৩ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা/প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন "চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার মাষ্টারপ্ল্যান প্রণয়ন" শীর্ষক প্রকল্পের অধীনে চউক এর বিদ্যামান চাকুরিবিধি অনুসরণে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কেবলমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | সহকারী নগর পরিকল্পনাবিদ (গ্রেড-৯) | ০১ | ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং/ গ্রামীণ পরিকল্পনায় স্নাতক ডিগ্রী থাকতে হবে।<br>খ) আরবান প্ল্যানিং জিআইএস, রিমোট সেন্সিং, আরবান প্ল্যানিং, ফিজিক্যাল ও আর্থ-সামাজিক জরিপ কার্যক্রমে অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) সরকারি কোনো প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত মাষ্টারপ্ল্যান প্রণয়ন কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ২। | জিআইএস অপারেটর (গ্রেড-১১) | ০১ | ক) যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ স্থাপত্য/ পুরকৌশল এ ডিপ্লোমা এবং জিআইএস এর উপর ট্রেনিং ও সংশ্লিষ্ট কাজে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

শর্তাবলীঃ

০১. আগ্রহী প্রার্থীদের আবেদন আগামী ১০/০৮/২০২৫ ইং তারিখের মধ্যে ডাকযোগে/ কুরিয়ার/ সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন কোন অবস্থাতেই গ্রহণ করা হবেনা।

০২. প্রার্থীর বয়স ২৪/০৭/২০২৫ তারিখে সর্বোচ্চ ৩২ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে।

০২. চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার মাষ্টারপ্ল্যান প্রণয়ন" শীর্ষক প্রকল্পের অর্থ মন্ত্রণালয়ের জনবল নির্ধারন সংক্রান্ত আন্তঃ মন্ত্রণালয়ের কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সুপারিশকৃত পদে চউক এর বিদ্যামান চাকুরিবিধি অনুসরণে উপযুক্ত কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করা হবে।

০৩. আবেদনেরর জন্য নির্ধারিত ফরম চউক website: www.cda.gov.bd এ পাওয়া যাবে। দরখাস্তের খামের ওপর আবেদনকৃত পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

০৪. আবেদনের সাথে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের যে কোন তফসিল ব্যাংক হতে ৩০০/- টাকা ব্যাংক ড্রাফট/পেঅর্ডার (অফেরৎযোগ্য) সংযুক্ত করতে হবে। আবেদনের সাথে নিম্নলিখিত কাগজ পত্র দাখিল করতে হবে:
ক) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।
খ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসারকর্তৃক সত্যায়িত সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি।
গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ / সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার / পৌরসভার চেয়ারম্যানের নিকট হতে নাগরিকত্ব সনদপত্র।
ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র / জন্মসনদের কপি।
চ) অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্যক্ষেত্রে)।

০৫. সরকারি, আধা-সরকারী / স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৬. ত্রুটিপূর্ণ /অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭. প্রযোজ্য ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে নিয়োগ সংশ্লিষ্ট বিধি বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৮. কোনো তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

০৯. প্রার্থীকে লিখিত / মৌখিক পরীক্ষার অংশগ্রহণের জন্য সর্বক্ষেত্রে কোনো টিএ / ডিএ প্রদান করা হবেনা।

১০. উপযুক্ত প্রার্থীদের/ প্রার্থীকে প্রাথমিকভাবে যাচাই-বাছাই পর প্রতিযোগিতামূলক নির্বাচনী পরীক্ষা ও সাক্ষাৎকারের জন্য পত্র মারফত জানানো হবে।

১১. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. উন্নয়ন প্রকল্পের জনবল সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা / বিধি-বিধান প্রযোজ্য হবে। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা / বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৩. প্রাথমিকভাবে সুপারিশকৃত/নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের সরকারি নিয়ম অনুযায়ী স্বাস্থ্য পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশন করে চূড়ান্তভবে নিয়োগ প্রদান করা হবে।

১৪. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/ স্থগিত/ বাতিল/পুনঃ নিয়োগের বিজ্ঞপ্তি প্রদানের অধিকার সংরক্ষণ করে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে বিবেচিত হবে।

২৩/০৭/২৫
সচিব
চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।